

সভার কার্য বিবরণী

ক্র: নং	নাম	ঠিকানা	ওয়ার্ড নং	স্বাক্ষর	মন্তব্য
০১	মোঃ মজিবুর রহমান সরকার	ঘাশিরদিয়া	১-৯	স্বাক্ষরিত	
০২	তানিয়া	ঘাশিরদিয়া	১-৩	স্বাক্ষরিত	
০৩	মোসাঃ জাহানারা বেগম	নোয়াদিয়া	৪-৬	স্বাক্ষরিত	
০৪	পারভীন বেগম	বংশিরদিয়া	৭-৯	স্বাক্ষরিত	
০৫	মোঃ জুয়েল	ঘাশিরদিয়া	১	স্বাক্ষরিত	
০৬	মোঃ মোর্শেদ ভূঞা	ঘাশিরদিয়া	২	স্বাক্ষরিত	
০৭	মোঃ মোহলেহ উদ্দিন	শাষপুর	৩	স্বাক্ষরিত	
০৮	মোরশেদ আলম	খৈশাখালী	৪	স্বাক্ষরিত	
০৯	মোঃ অহিদউল্লাহ	নোয়াদিয়া খলাপাড়া	৫	স্বাক্ষরিত	
১০	মোহাম্মদ আলী	হিজলিয়া	৬	স্বাক্ষরিত	
১১	মোঃ বুলবুল ভূঞা	আলিয়াবাদ	৭	স্বাক্ষরিত	
১২	আমিনুল ইসলাম	ঘাগটিয়া	৮	স্বাক্ষরিত	
১৩	মো: বাবুল মিয়া	ভূরবুড়িয়া	৯	স্বাক্ষরিত	

অদ্য 26/07/2023ইং রোজ বুধবার সকাল 11.00 ঘটিকায় আয়ুবপুর ইউপি কার্যালয়ে জুলাই/23ইং মাসের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চেয়ারম্যান জনাব মোঃ মজিবুর রহমান সরকার। সভায় নিম্ন বর্ণিত তালিকা সূচীর উপর এক এক করে আলোচনা পর্য্যালোচনাসিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

সভার নির্ধারিত আলোচ্য সূচী:

- 01। বিগত সভার কার্য বিবরণীর উপর আলোচনা ও অনুমোদন।
- 02। হোল্ডিং ট্যাক্স আদায় সম্পর্কে তদারকি ও আলোচনা।
- 03। টি, সি, বি এর মাল বিতরণ সংক্রান্ত আলোচনা।
- 04। ভিডলিউবি এর উপকার ভোগীদের মধ্যে চাউল বিতরণ সংক্রান্ত আলোচনা।
- 05। বিবিধ বিষয়াদীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

1। আলোচ্য সূচীর ১নং এজেন্ডা সভায় উপস্থাপনা ও পাঠ করে শুনান ইউপি সচিব জনাব মোহাম্মদ নাজমুল কবির। বিগত সভার কার্য বিবরণীতে কোন সংশোধন ও সংযোজন না থাকায় উপস্থিত সকলের হ্যাঁ কণ্ঠ ভোটে চূড়ান্ত অনুমোদন করা হয়।

2। আলোচ্য সূচীর ২নং এজেন্ডা সভায় উপস্থাপন করে ইউপি সদস্য জনাবা পারভীন বেগম বলেন যে, ইউনিয়নের হোল্ডিং ট্যাক্স আদায়কারী দল ইউনিয়নের সকল ওয়ার্ড ট্যাক্স আদায়ে নিয়োজিত আদায়কারীগণ জানাচ্ছেন যে, জনগণ আশানুরূপ ভাবে ট্যাক্স পরিশোধ করছে না। বিভিন্ন অজুহাতে ট্যাক্স পরিশোধে অপারগতা প্রকাশ করছে। সরকারি নির্দেশনাঅমান্য করে ট্যাক্স পরিশোধ করছে না। এ ব্যাপারে স্ব স্ব ওয়ার্ড মেম্বার সাহেবগণ যদি আদায় কারীগণের সাথে থেকে ট্যাক্স দাতাদের সহযোগিতা প্রদান করে তবে ট্যাক্স আদায়ের পরিমাণ বৃদ্ধি পাবে বলে তিনি আশা করেন। আদায়কারীগণ প্রতি ওয়ার্ডে মাইকিং করে জানানোর দাবী করেন। তিনির উত্থাপিত প্রস্তাবগুলো সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় এবং প্রতি ওয়ার্ডে মাইকিং সহ ইউপি সদস্যগণ আদায়কারীগণকে সর্ব ক্ষণিকসহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

৩। আলোচ্য সূচীর 3নং এজেন্ডা সভায় উপস্থাপনা করেন জনাব মোঃ বুলবুল ভূইয়া। তিনি জানতে চান যে, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) কর্তৃক ন্যায্য মূল্যের আমাদের ইউনিয়নের ৫০৮টি কার্ড ধারীর মধ্যে চলতি মাসের মালামাল কত তারিখে বিতরণ করা হইবে। জবাবে ইউপি সচিব জনাব মোহাম্মদ নাজমুল কবির বলেন যে, টিসিবি কর্তৃক মালামালের বিতরণ তারিখ এখনো জানা যায় নাই। তবে উপজেলা প্রশাসন হইতে জানা যায় যে, জুলাই/23ইং মাসের মালামালের মধ্যে চাউল, তেল, ডাউল বিতরণ করা হইবে। বিতরণ তাং পাওয়ার পর মোবাইলে সকল মেম্বার, গ্রাম পুলিশ ও কার্ড ধারীদের সংবাদ দিয়ে মাল বিতরণ নিশ্চিত করা হয়। মাল বিতরণের তারিখ জানানোর বিষয়টি সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

4। আলোচ্য সূচীর ৪নং এজেন্ডা সভায় উপস্থাপন করে ইউপি সচিব জনাব, মোহাম্মদ নাজমুল কবির জানান যে, অত্র ইউনিয়নের ১৬৯ জন কার্ড ধারী মধ্যে প্রতিজনকে ৩০ কেজি করে ভিডল্লিউবি চাউল প্রদান করা হয়। প্রতি অর্থ বৎসরে জুলাই... ইং মাসের চাউল পরবর্তী আগস্ট মাসে দুই মাসের চাউল একত্রে দেওয়া হয়। নতুন অর্থ বৎসরে বরাদ্দ পৌছাতে উপজেলায় সময় লাগে বলে উপজেলা প্রশাসন কর্তৃক জানা যায়। ভিডল্লিউবি এর চাউল বিতরণের তালিকা ভুক্তদের মোবাইলে সংবাদ প্রেরণের মাধ্যমে চাউল বিতরণ করা হয়। প্রতি কার্ড ধারী প্রতিমাসে ২০০/- টাকা করে সঞ্চয় ব্যাংকে জমা রেখে চাউল গ্রহণ করে আসছে। চাউল বিতরণের তারিখ জানানোর বিষয়টি সভায় গৃহীত হয়।

5। আলোচ্য সূচীর বিবিধ বিষয়াদীর মধ্যে আইন, শৃংখলা ইউনিয়নে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের সমাপ্তি ও অগ্রগতি, বিট পুলিশিং কার্যক্রম এর উপর এক এক করে আলোচনায় অংশ নেন জনাব, মোঃ জুয়েল মিয়া, জনাব মোরশেদ আলম, জনাব আমিনুল ইসলাম, জনাব মোঃ বুলবুল ভূইয়া, জনাবা পারভীন বেগম, জনাবা তানিয়া, জনাব অহিদউল্লাহ ও মোছলেহ উদ্দিন মুছা মেম্বার সাহেবগণ।

পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভাপতি সাহেব অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।